

SUPER
LIFE
Secret Codes

আশীর্বাদের রহস্য

助的祕密：孟加拉文版



মাস্টার টেড সান



মহাবিশ্ব থেকে প্রচুর আশীর্বাদ
গ্রহণ করার জন্য আপনার হৃদয় খোলা রাখুন
এবং যথার্থরূপে এই গোপন কোড প্রয়োগ করে
জীবনে অনেক অসাধারণ সুযোগের সাথে সংযোগ করুন।

- মাস্টার টেড সান -





লেখকের ফরোয়ার্ড আশীর্বাদের রহস্য

বছরের পর বছর ধরে, সারা বিশ্বের পাঠকদের কাছ থেকে পাওয়া হাজার হাজার অলৌকিক গল্প প্রমাণ করেছে যে "সুপার লাইফ সিক্রেট কোড" সিস্টেম সত্যিই কাজ করে। এটি বিংশ শতাব্দীর সবচেয়ে ব্যাপক ব্যবস্থা, যা কিনা শুধুমাত্র মানুষের জীবনে পরিবর্তন এবং তাদের মনকেই আলোকিত করেনা, এমনকি এটি মানুষকে মহাবিশ্বের সাথে সংযোগ করতেও সাহায্য করতে পারে। আশীর্বাদের জগতে, অদৃশ্য আশীর্বাদের ডেটা সরবরাহ করার জন্য এত আশ্চর্যজনক শক্তি রয়েছে, যা মানুষের জীবনে প্রাচুর্য আনে। একবার যখন আমরা আশীর্বাদ লাভ করি এবং ভালো-সামান্য লাভ করি, অন্যদের কাছে আশীর্বাদ পাঠালে, সেটা আমাদের-নিজের, অন্যদের এবং বিশ্বের জন্য জয়ের হয়ে উঠবে।

অনেকে আশীর্বাদের অর্থ জানেন কিন্তু তা প্রয়োগ করেন না। আশীর্বাদ সমৃদ্ধি এবং অভূতপূর্ব ফলাফল আনতে পারে, উপরন্তু, এটি মানুষকে তাদের লক্ষ্য অর্জন করতে এবং অনুশোচনা দূর করতেও সাহায্য করতে পারে। সারা বিশ্বে অনেক মানুষ পরীক্ষা করে দেখেছেন যে আশীর্বাদের শক্তি অবিচ্যায়, তাই আমাদের উচিত আমাদের মানসিকভাবে সামঞ্জস্য আনা, অবিলম্বে পদক্ষেপ নেওয়া এবং প্রকৃত প্রাচুর্য তৈরি করতে আমাদের দৈনন্দিন জীবনে আশীর্বাদকে সম্পূর্ণরূপে একীভূত করা।

"আশীর্বাদের রহস্য" একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বই যা আমাদের সমাজ এবং বিশ্বের জন্য সুবিধা এবং বিস্ময় নিয়ে আসে। একবার ইতিবাচক পরিবর্তনগুলি অনুভব করলে, আমাদের চারপাশের লোকদের সাথে সক্রিয়ভাবে বইটি ভাগ করতে



ভুলবেন না। আমরা যত তড়াতাড়ি বইটি অন্যদের সাথে ভাগ করে নিতে পারবো, তত তড়াতাড়ি আমরা পৃথিবীতে

সম্প্রীতি আনতে পারবো।

যখন মানুষেরা এই বইয়ের ধারণাগুলি বুঝে আত্মবিশ্বাসী হতে পারবে, তখন তারা তাদের সুখ এবং সাফল্য অন্যদের

সাথে ভাগ করে নিতে সক্ষম হবে। একদিন তারা মহাবিশ্বের দ্বারা পুরস্কৃত হবে, এবং অভিব্যক্ত দেবদূতেরা তাদের সাথে

মিলিত হয়ে আমাদের বিশ্বকে স্বর্গীয় পৃথিবী বানাবে। আসুন এই অপরিমিত ভালবাসা ছড়িয়ে দেওয়ার জন্য আমরা আমাদের

সর্বোত্তম প্রচেষ্টা করি।

- মাস্টার টেড সান

নেভাদা রাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র



সূচিপত্র

লেখকের ফরোয়ার্ড

আশীর্বাদের রহস্য

101। আশীর্বাদ হল দুর্ভাগ্যের জন্য আধুনিক দিনের প্রতিকার	04
102। আশীর্বাদের শক্তি পৃথিবীর চারপাশে ভ্রমণ করে	06
103। আশীর্বাদের শক্তি "ভালো বীজ" কে বড়ো ও সমৃদ্ধ করতে পারে	07
104। আশীর্বাদকে ভাগ করে নেওয়ার উপহার আশীর্বাদকে দ্বিগুণ করা	09
105। আশীর্বাদ একটি পৃথিবীর রূপান্তর প্রকল্প	11
106। আমাদের সর্বোত্তম প্রচেষ্টার মাধ্যমে বিশ্বে শক্তি পুনরুদ্ধার করা	13
107। সহযোগিতামূলক প্রচেষ্টা ও আশীর্বাদের মাধ্যমে ইতিবাচক শক্তি তৈরি করা	15
108। "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করা আমাদের নিজেদের থেকে শুরু হয়	16
109। মহাবিশ্বকে মেনে চলা এবং প্রকৃত আশীর্বাদ পাঠানো	17
110। আশীর্বাদের রহস্য হল আন্তরিক ও প্রকৃত হৃদয়	19
111। পরিশ্রমী অনুশীলনের দ্বারা আশীর্বাদের দক্ষতা উন্নত করা	20
112। মানব উদারতা পুনরুদ্ধারে বিশ্বে শান্তি ও সম্প্রীতি আসবে	21
113। "অন্যদের আশীর্বাদ করা তাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে" একটি বাস্তবতা	22
114। আশীর্বাদ হলো মনুষ্যজাতিতে মনুষ্যদান	23
115। আন্তরিক প্রকৃত আশীর্বাদ হল মহাবিশ্বের সর্বোচ্চ তন্ত্র পথ	25
116। পৃথিবীর রূপান্তর প্রকল্পে অংশগ্রহণের সুযোগ আঁকড়ে ধরা	27
117। "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করা হল মহাবিশ্বের অনুগ্রহ	27
118। আশীর্বাদের ভালো সময়গুলোকে পুনরুজ্জীবিত করা আমাদের দায়িত্ব	28
119। পূর্বধারণা ছেড়ে "মহাবিশ্বের মিশনে" উদ্যোগ নেওয়া	29
120। সকল মানুষের আশীর্বাদ জমাট বরফ গলিয়ে দিতে পারে	31

লেখক সম্পর্কে

সুপার লাইফ সিক্রেট কোডস সম্পর্কে

‘রিচেস্ট লাইফ’ সম্পর্কে



1011

আশীর্বাদ হল দুর্যোগের জন্য আধুনিক দিনের প্রতিকার

বিশ্ব বিশৃঙ্খল পরিস্থিতির মুখোমুখি হচ্ছে, চারিদিক ভয়ানক সংবাদ এবং আঘাতমূলক প্রাকৃতিক দুর্যোগে ভরা, এবং আমরা যখন ভবিষ্যতের দিকে তাকাচ্ছি, আমরা দেখছি যে আরও অনেক সম্ভাব্য সমস্যা এবং বিপর্যয় রয়েছে। সেগুলি ঘটবে কি না, তা নির্ভর করছে মানুষের মন খারাপ থেকে ভালোতে পরিবর্তিত হতে পারে কিনা এবং দ্রুত "প্রকৃত আশীর্বাদ"কে আলিঙ্গন ও অনুশীলন করতে পারে কিনা। এইগুলি হল বিপর্যয়ের প্রতিকার।

বিশ্বের মানুষ একটি শান্তিপূর্ণ জীবন চায় এবং জীবনে সম্প্রীতি ফিরে পেতে চায়, তাই "বিশ্ব শান্তি" শুধুমাত্র একটি স্লোগান হওয়া উচিত নয়। বছরের পর বছর ধরে অনেক প্রধান ধর্মীয় নেতা বিভিন্ন সমাধানের প্রস্তাব করেছেন, কিন্তু সেগুলি কাজ করছে না।

অতএব, সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম বিশ্বের সকলকে একত্রিত করতে এবং আন্তরিক হৃদয়ে আশীর্বাদ পাঠাতে "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচির প্রস্তাব করছে।

নিজদের, আমাদের পরিবার, সমস্ত মানুষ, বস্তু, ঘটনা, প্রাণী, গাছপালা এবং সমগ্র বিশ্বকে আশীর্বাদ করার অনুপ্রাণন, প্রচুর পরিমাণে ইতিবাচক শক্তি তৈরি করতে পারে এবং বিশ্বব্যাপী সমস্যাগুলিকে বন্ধ করে পৃথিবীকে একটি ভাল জায়গায় রূপান্তরিত করতে পারে।

"আশীর্বাদের ক্রিয়া" প্রোগ্রামটি খুবই সহজ। যখন আমরা "সুপার লাইফ সিক্রেট কোড স্টেপস ১,২,৩" অনুশীলন করি, তখন আমরা সহজভাবে মহাবিশ্ব এবং সূর্যের সাথে যোগাযোগ করি, এবং আমরা আমাদের সম্প্রদায়, দেশ এবং সমাজে একটি ইতিবাচক প্রভাব ফেলতে এবং "মহাবিশ্বের মিশন" সেবা করতে ইচ্ছুক হই।



সমস্ত মানুষের অবস্থানের সাথে, মহাবিশ্ব আন্তরিক হৃদয় এবং শূভেচ্ছা দেখতে পাবে এবং প্রাকৃতিক দুর্যোগের কার্য নিবাহ, ধীর করতে ইচ্ছুক হবে। পৃথিবীতে স্বচ্ছ মানসিকতার মানুষের চেয়ে বিভ্রান্ত মানুষ বেশি আছে। অধিকাংশ মানুষ ধর্মীয় প্রভাব নির্বিশেষে শুধুমাত্র নিজেদের সম্পর্কে চিন্তামগ্ন। তাহলে এই মুহুর্তে মানুষকে পুণ্য সম্পর্কে শিক্ষিত করা কতটা কার্যকর?

অনেক দেরি হওয়ার আগে, আমাদের পরিবার, সমস্ত মানুষ, বস্তু, ঘটনা, প্রাণী, গাছপালা, এমনকি জীবিত এবং নিজীব জিনিসগুলিকে আশীর্বাদ করার মাধ্যমে আমরা প্রত্যেককে তাদের মন খারাপ থেকে ভালোর দিকে পরিবর্তন করতে সাহায্য করতে পারি কি না, সেটি হলো গুরুত্বপূর্ণ।

অনেক দেরি না হওয়া পর্যন্ত অপেক্ষা না করে, এবং পৃথিবী প্রায় ধ্বংস হয়ে গেছে, এই অনুশোচনা অনুভব না করে!

আমাদের অবশ্যই মাস্টার টেড সানের শিক্ষা মনে রাখতে হবে, "অন্যদের আশীর্বাদ করলে সেটি তাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে।"

বিশ্বের সকলের আশীর্বাদ একটি দুর্দান্ত শক্তি ক্ষেত্র এবং ইতিবাচক শক্তি চক্র তৈরি করতে পারে, যা আমাদের বিশ্বকে উন্নত করতে পারে।

যদিও প্রত্যেকেই জীবনে ভাল ফলাফল পেতে চায়, তবুও অনেক মানুষ এখনও প্রতিটি পয়সা নিয়ে তর্কাতর্কি করে এবং অন্যদের আশীর্বাদ বা মঙ্গল কামনা করে না, তাই সমাজ খুব ঠান্ডা এবং অনুপযোগী হয়ে ওঠে।

মানুষেরা একে অপরের থেকে দূরে সরে যায় এবং অনুভব করে যে তাদের সতর্ক থাকতে হবে, অন্যরা যাতে তাদের থেকে সুবিধা নিতে না পারে, এটি উদ্বেগ সৃষ্টি করে এবং মানুষের থেকে প্রচুর পরিমাণে শক্তি নিষ্কাশন করে।



সাক্ষ্য এবং সুখের অনুসরণের প্রক্রিয়ায়, যদি আমরা সুযোগগুলি আসার জন্য চুপচাপ অপেক্ষা করি, আমরা নিষ্ক্রিয় হয়ে যাবো এবং তারপর বুঝতে পারবো যে তাতে আমাদের লক্ষ্য অর্জনের সম্ভাবনা কম, তাই আমাদের অবশ্যই উদ্যোগ নিতে হবে।

প্রথমত, আমাদের যথেষ্ট ইতিবাচক শক্তি অর্জন করতে হবে এবং অনুশীলন করতে হবে "ভালোবাসা দেওয়া এবং ভালবাসা নেওয়া, আশীর্বাদ দেওয়া এবং আশীর্বাদ গ্রহণ করা," এভাবেই আমরা নিজেদের জন্য অফুরন্ত আশীর্বাদ তৈরি করতে পারবো এবং ভালবাসার সাথে আমাদের পুনর্জন্ম হবে।

1021

আশীর্বাদের শক্তি পৃথিবীর চারপাশে ভ্রমণ করে

আপনি কি অসহায় বোধ করেন কারণ আপনার স্বপ্নগুলি অনুসরণ করার পিছনে আপনার কঠোর পরিশ্রম-ও, আপনাকে জীবনে সাক্ষ্য এনে দেয় না?

অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হওয়ার প্রধান কারণ হল মানুষের শক্তির স্তর এখনো সেই নাগাল পায়নি, তাই তাতে ঘাটতি রয়েছে। শক্তি অর্জনের সর্বোত্তম উপায় হল আশীর্বাদ এবং দুটি গোপন কোড, "ভালোবাসা এবং কৃতজ্ঞতা" প্রতি মুহুর্তে অনুশীলন করা।

আশীর্বাদ প্রদান, আশীর্বাদ গ্রহণ এবং আশীর্বাদ দ্বারা উপকৃত হওয়ার সময়, চ্যালেঞ্জ থেকে কোন উদ্বেগ এবং ভয় থাকবে না। যতক্ষণ আমরা "আশীর্বাদ" এর গুরুত্ব গ্রহণ এবং পরীক্ষা-নিরীক্ষা করবো, ততক্ষণ আমাদের শক্তির স্তর বাড়তে থাকবে এবং আমাদের জীবন আরও ভাল এবং মসৃণ হবে।

মানুষকে সাহায্য করার সময়, আমাদের মনে করা উচিত, আমাদের হৃদয়ের গভীর থেকে আশীর্বাদ করা। আমরা



ইতিবাচক শক্তি চক্রের উৎস। আমাদের আশীর্বাদের শক্তি পৃথিবীতে একটি অবিশ্বাস্য ছাপ ফেলবে, যা ইতিবাচক ঘটনা তৈরি করবে এবং মানুষকে আশীর্বাদ পেতে সাহায্য করবে।

কর্ম এবং প্রতিক্রিয়ার উপর আশীর্বাদ ভিত্তি করে, এবং সময়ের সাথে সাথে আমাদের দ্বারা নির্গত আশীর্বাদ বিশ্বের প্রতিটি কোণে ছড়িয়ে পড়ে এবং আমাদের কাছে ফিরে আসে যা আমাদের কাছে আরও আনন্দ ফেরত নিয়ে আসে।

একবার যখন আমরা মহাবিশ্ব থেকে প্রাচুর্য লাভ করি, কিছু আশ্চর্যজনক জিনিস ঘটে, আমাদের জীবন উন্নত হয়, এবং তারপরে, আমাদের অবশ্যই জাতি, লিঙ্গ বা জাতীয়তা নির্বিশেষে এই মহান আনন্দটি যতটা সম্ভব মানুষের সাথে ভাগ করে নেওয়া উচিত, যাতে প্রাচুর্য আসতে থাকে।

"আশীর্বাদ" এর রহস্য বোঝার পরে, আমাদের অবশ্যই সময় এবং সুযোগকে কাজে লাগাতে হবে, যাতে আমরা অনুশীলন করে প্রতিদিনের প্রতি সেকেন্ডে, সমস্ত মানুষ, ঘটনা এবং বস্তুকে প্রকৃত আশীর্বাদ পাঠাতে পারি।

প্রকৃত হৃদয় দিয়ে প্রতি মুহূর্তে আমাদের আশীর্বাদ অনুশীলন করা উচিত, যাতে আমাদের আশীর্বাদগুলি কেবল একটি ধারণা হয়ে না থাকে বরং বাস্তব কর্ম হয়ে ওঠে এবং আমাদের জীবনে কার্যকর এবং ইতিবাচক পরিবর্তন নিয়ে আসে।

আশীর্বাদের শক্তি "ভালো বীজ" কে বড়ো ও সমৃদ্ধ করতে পারে

আমরা যখন প্রথম অন্যদের আশীর্বাদ করি, তখন অনুশীলনের অভাবে নিজেকে ভণ্ড ও নকল মনে হয়। এটা প্রথমে বেমানান মনে হলেও, দয়া করে চিন্তা করবেন না। সময়ের সাথে সাথে অনুশীলনের সাথে, আমাদের মন এবং কর্ম মিশে যাবে এবং আমরা অন্যদেরকে প্রকৃত হৃদয় দিয়ে আশীর্বাদ করতে সক্ষম হব। এখানেই অভিনয় বাস্তবে পরিণত হবে।



যখন মানুষেরা আমাদের প্রকৃত আশীর্বাদ থেকে শক্তি অনুভব করে, তখন এই শক্তি একটি ইতিবাচক চক্র হয়ে ওঠে এবং আমাদের জন্য একটি মসৃণ এবং উন্নত জীবন নিয়ে আসে। এছাড়াও অনেক মহান সুযোগ এবং সৌভাগ্য যখন পরবর্তীতে আমাদের দরজায় কড়া নাড়বে, তখন প্রকৃত আশীর্বাদ আমাদের কতটা সুখ আনতে পারে তা দেখে আমরা নিশ্চিত ও বিস্মিত হব।

যেহেতু মহাবিশ্ব আমাদের আশীর্বাদ করতে ইচ্ছুক, তাই অবশ্যই আমাদের এই সুযোগটি গ্রহণ এবং ব্যবহার করতে হবে এবং যতটা সম্ভব মানুষকে আশীর্বাদ পাঠাতে হবে।

মহাবিশ্বের দ্বারা আশীর্বাদপ্রাপ্ত হওয়ার প্রকৃত অর্থ হল আমরা যেন আশীর্বাদের উৎস হই, যার অর্থ একজন উপকারী এবং আশীর্বাদকারী হওয়া। আমাদের অবশ্যই সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম সম্পর্কে আরও বেশি মানুষকে জানাতে হবে, কারণ এটি ২১ শতকে প্রাচুর্যের একটি দ্রুত পথ।

প্রাচুর্যের এই দ্রুত পথ মানুষকে সুখের সাথে জীবনে এগিয়ে নিয়ে যায় এবং মানুষকে বিশ্বে ভারসাম্য, সমৃদ্ধি এবং সম্প্রীতি ফিরিয়ে আনতে সাহায্য করে।

আজকাল বিশ্বে, দ্বেষ, বিদ্বেষ, সন্দেহ এবং স্বার্থপরতায় পূর্ণ। আমরা যদি ঘৃণাকে আশীর্বাদে রূপান্তরিত করতে পারি এবং আশীর্বাদ দিয়ে মানুষের উদারতা জাগ্রত করতে পারি, তাহলে পৃথিবী আবার একটি বিস্ময়কর জায়গা হবে।

প্রত্যেকের হৃদয়ে একটি "ভালো বীজ" আছে, তবে বস্তুবাদী জগতের দ্বারা এটি আচ্ছাদিত হয়ে বিস্মৃত হয়ে গেছে। প্রতিদিন আমরা একটি যন্ত্রের মতো কাজ করি এবং আমাদের হৃদয়কে পুষ্ট করার জন্য আমাদের কাছে কোন সময় নেই, তাই সেই বীজ বাড়তে বা উন্নতি করতে পারে না।

এই মুহুর্তে, সমস্ত প্রকৃত আশীর্বাদের সাথে, আমরা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে যাচ্ছি, যা সেচ দেয়, পুষ্ট



করে এবং বৃদ্ধি পায় আনন্দদায়ক শক্তি থেকে, যা একটি বিশাল বৃক্ষে পরিণত হবে পরবর্তী প্রজন্মের সুরক্ষা এবং উপকার করার জন্য।

আশীর্বাদকে ভাগ করে নেওয়ার উপহার আশীর্বাদকে দ্বিগুণ করা

একটি সাধারণ এবং প্রকৃত আশীর্বাদ আমাদের জন্য মহান আশীর্বাদ নিয়ে আসতে পারে। আসুন জোরালোভাবে আমাদের বন্ধুদের এবং পরিবারের সাথে এটি ভাগ করি।

যখন আমরা মহাবিশ্বের মঙ্গল সম্পর্কে মানুষের সাথে ভাগ করে নেবো, তারা আশীর্বাদের গুরুত্ব দেখতে পাবে এবং চেষ্টা করতে ইচ্ছুক হবে। এটা কি ভালো কাজ নয়? আপনি এবং আমি যখন আশীর্বাদদান্য, তখন সবাই আশীর্বাদদান্য হয়।

হাসি-খুশিতে ভরা সমস্ত মানুষ এবং আশীর্বাদে পূর্ণ সমগ্র বিশ্ব একটি ভাল পুণ্যের পরিবেশ তৈরি করে, যেখানে সবাই সমৃদ্ধ হয়।

আজকাল আমাদের সমাজ সব স্তরের সমস্যায় ভরা। লোকেরা একটি অস্বস্তিকর পরিবেশে বাস করছে যা অনেক নেতিবাচক প্রভাব নিয়ে আসে, তাই আমাদের শরীর, মন এবং আত্মা সুসংগত থাকে না এবং আমাদের শক্তি ভারসাম্যপূর্ণ

হয় না। ভাল মনোভাব এবং মেজাজ বজায় রাখলে একটি ইতিবাচক শক্তি চক্র তৈরি হয়, যা ভাগ্যের উৎস। অন্যদিকে,

ক্রমাগত দুঃখ, উদ্বেগ এবং অস্বস্তি, শক্তির নিষ্কাশনের কারণ এবং জীবনের নেতিবাচক ফলাফলকে আকর্ষণ করে।

আমরা যদি ভাল জিনিসের সন্ধান করি, তবে আশীর্বাদ পেতে আমাদের অবশ্যই মেনে চলতে হবে এবং মহাবিশ্বের



সাথে অনুরণিত হতে হবে, এবং তারপরে আমাদের জীবনে পরিবর্তন হবে, সৌভাগ্য আসবে এবং ভাগ্য অবিরাম অনুসরণ করবে।

আসুন চিন্তা করি, কেন মাস্টার টেড সান আমাদেরকে "মহাবিশ্ব মেনে চলতে" মনে করিয়ে দিয়েছেন? কারণ এটি করার

মাধ্যমে আমাদের বর্তমান এবং ভবিষ্যতের জন্য একটি মসৃণ এবং দীর্ঘমেয়াদী পথ তৈরি হবে।

আমরা যদি মাস্টার টেড সানের শিক্ষাগুলি অনুসরণ করার জন্য আমাদের মন খুলে দিতে ইচ্ছুক হই, তাহলে আমাদের ভবিষ্যত উজ্জ্বল এবং চমৎকার হবে। আসুন, আমরা মনে রাখি যে, আমাদের অবশ্যই অনুশীলন করতে হবে এবং কেবল এটির সম্পর্কে কথা বললে হবে না, কারণ খুব বেশি কথা বললে এবং পর্যাশ্রয় বাস্তব কাজ না করলে, এর গতি ধ্বংস হবে এবং আমরা আমাদের অদৃষ্ট পেতে সক্ষম হব না।

মাস্টার টেড সান সর্বদা আমাদের মনে করিয়ে দিয়েছেন মহাবিশ্বকে মেনে চলতে এবং ক্রমাগত কঠোর পরিশ্রম করতে।

তা না হলে, সমস্ত শিক্ষা নষ্ট হয়ে যাবে এবং আমরা কোন ইতিবাচক ফলাফল ছাড়াই শেষ হয়ে যাব।

আমরা যদি জীবনের তাড়াহুড়োতে চাপা পড়ে যাই, তাহলে আমরা সমস্যা মোকাবেলায় খুব ব্যস্ত হয়ে পড়বো এবং

মাস্টার টেড সান দ্বারা শেখানো শিক্ষা এবং পদ্ধতিগুলি মনে রাখার মতো পর্যাপ্ত সময় আমাদের থাকবে না, যার ফলে মূল্যবান সখ্যতা হান হয়ে যাবে।

শেখার এবং অনুশীলন করার পাশাপাশি, আমাদের অবশ্যই ফলাফল দেখতে হবে এবং শেখার প্রতি আত্মবিশ্বাস তৈরি করতে সাহায্য করার জন্য এই ফলাফলগুলি অন্যদের সাথে ভাগ করে নিতে হবে, অন্যথায় আমরা আমাদের নিজের চাকাই ঘোরাতে থাকব।

আমরা কিভাবে ফলাফল দেখতে পারি? এর উপায় হলো সমস্ত পরিস্থিতিতে আমাদের মানসিকতা সনাক্ত করতে জীবনে



"পরীক্ষা করা"। যখন আমাদের দৈনন্দিন জীবনে বিরক্তিকর পরিস্থিতির মুখোমুখি হই, তখন আমরা সেটিকে কতটা ভালভাবে সামলাতে পারি, তা সনাক্ত করার এবং দেখার একটি ভাল সুযোগ। আমাদের দৈনন্দিন জীবনের ফলাফল আমাদের রিপোর্ট কার্ড এবং তার গ্রেড মিথ্যা বলে না।

আমাদের রিপোর্ট কার্ড উন্নত করতে, এবং আশীর্বাদ পাওয়ার জন্য, অন্যদের আশীর্বাদ করার অনুশীলন শুরু করতে হবে। একবার আমরা শিখে নিয়ে, তারপরে আমরা মানুষের সাথে সুবিধাগুলি ভাগ করে নেবো। শেষ পর্যন্ত, আমরা সমস্ত আশীর্বাদের সর্বোত্তম সুবিধাভোগী হয়ে উঠবো এবং আগের চেয়ে আরও বেশি আত্মবিশ্বাসী বোধ করবো।

যখন আমরা মহাবিশ্বের সাথে অনুরণিত হই, আমরা মহাবিশ্বের সাথে একটি ভাল সম্পর্ক স্থাপন করি, তখন আমরা মহাবিশ্বের কাছ থেকে আশীর্বাদ পাবো এবং অনেক ভাল সুযোগ আমাদের দরজায় কড়া নাড়বে। প্রত্যেকেরই এই মূল্যবান সম্পদকে আলিঙ্গন করা উচিত।

আমরা যেখানেই থাকি না কেন, আমরা সুপার লাইফ সিক্রেট কোডের অনন্যসাধারণ প্রতিভা প্রদর্শন করব এবং একটি প্রাচুর্যময় জীবনের পথ খোলার জন্য আমরা যা করবো তাতে আমাদের সর্বোত্তম প্রচেষ্টা দেব।

মাস্টার টেড সানের প্রতিটি বড় বিশ্ব সফর, বক্তৃতা বা কর্মশালায়, হাজার হাজার মানুষ অংশগ্রহণ করেছে এবং ইভেন্টগুলি সাফল্য দ্বারা অনুপ্রাণিত হয়েছে এবং সেই সাফল্য সমস্ত মানুষের সহযোগিতামূলক প্রচেষ্টার কারণে ঘটেছে। যাইহোক, আমাদের ভুল গেলে চলবে না যে, এই সমস্তই মহাবিশ্বের আশীর্বাদ থেকে আসে।

1051

আশীর্বাদ একটি পৃথিবী রূপান্তর প্রকল্প

অতীতে, মাস্টার টেড সান "জীবন রূপান্তর প্রকল্প" সম্পর্কে উল্লেখ করেছেন। আমাদের বর্তমান পরিস্থিতির ভিত্তিতে,



পৃথিবীর রূপান্তর একটি জরুরি বিষয়।

পৃথিবীতে, সবকিছু শক্তি থেকে আসে। যখন পর্যাপ্ত পরিমাণ শক্তি থাকে, তখন সবকিছু শান্তিপূর্ণ এবং সমন্বয়পূর্ণ হয়।

সময়ের সাথে সাথে মানুষের মন এবং সমাজ আরও খারাপ হয়েছে এবং পৃথিবীর শক্তি ক্ষেত্রটি তার ভারসাম্য হারিয়েছে

এবং একটি অসহনীয় ভাঙ্গন বিন্দুতে পৌঁছেছে। যে কোনো সময়, পৃথিবীর সবকিছু সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যেতে পারে।

বিজ্ঞানীরা মনে করেন যে অ্যান্টার্কটিকায় বরফ "গ্লোবাল ওয়ার্মিং" এর কারণে গলে যাচ্ছে, তবে এটি আসলে "শক্তির ভারসাম্যহীনতার" কারণে ঘটছে। যদি অ্যান্টার্কটিকার বরফ সম্পূর্ণরূপে গলে যায় তবে এটি ইঙ্গিত দেবে যে গ্রহের শক্তি

ক্ষেত্রটি সম্পূর্ণ বিলুপ্তির মধ্যে রয়েছে। একটি বিস্ময়কর ভবিষ্যতের জন্য আমাদের যে ইচ্ছা, তা মঞ্জুর হবে না এবং আমাদের

শুধুমাত্র ক্ষতিকারক এবং ধ্বংসাত্মক সমাপ্তি গ্রহণ করতে হবে।

প্রভাবের দিকে তাকিয়ে কারণটি যদি বিশ্লেষণ করা হয়, তাহলে সেটা এইরকম, মানুষ যদি ধ্বংসাত্মক বিপর্যয় বন্ধ করতে এবং একটি আশীর্বাদ ভবিষ্যত এড়াতে চায়, তাহলে প্রত্যেককে "আত্ম সহায়তা, মানুষের সাহায্য এবং মহাজাগতিক সাহায্য" ধারণাটি দৃঢ়ভাবে নিহিত করতে হবে।

এই মানসিকতা আমাদের ইতিবাচক শক্তি তৈরি করতে সাহায্য করতে পারে, এবং আমাদের প্রথম যে জিনিসটি অনুশীলন করা উচিত সেটি হল "প্রতি মুহূর্তে আশীর্বাদ করা", কারণ প্রতি মুহূর্তে অন্যদের আশীর্বাদ করলে, সেটি প্রতি মুহূর্তে আমাদের জন্যে আশীর্বাদ নিয়ে আসবে।

"অন্যদের আশীর্বাদ করা তাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে"- এটি ছাড়া, আমাদের শান্তিপূর্ণ ও সমন্বয়পূর্ণ জীবন হয়তো হারিয়ে যেতে পারে। যদি আমাদের ইতিবাচক শক্তির অনুরণনের অভাব হয়, তবে ফলাফল নেতিবাচক হবে।

মাস্টার টেড সান আমাদের বারবার আশীর্বাদের গুরুত্বের কথা মনে করিয়ে দেন, কারণ শক্তির ভারসাম্য অত্যন্ত



গুরুত্বপূর্ণ। তবে মানুষ যদি এ বিষয়ে উদাসীন হয় এবং লোভ, অহং এবং অহংকার মিশ্রিত করে, তাহলে আমরা বড় ধরনের
বিশৃঙ্খলা ও বিপর্যয়ের মুখে পড়ব। ততক্ষণে আমরা সমস্যার উৎস কী তা নির্ধারণ করতে অক্ষম হব।

মানুষ প্রতিনিয়ত যন্ত্রণার সৃষ্টি করছে। যন্ত্রণা মনকে এলোমেলো করে দেয়। যখন মন শান্তিতে থাকে না, তখন সবকিছু
শৃঙ্খলার বাইরে থাকে, তাই পৃথিবী এত বড় পরিবর্তনের মুখোমুখি হচ্ছে।

বিজ্ঞানীরা বলেছেন যে যদি বৈশ্বিক উষ্ণতা থেকে মুক্তি না পাওয়া যায়, এবং সমুদ্রের তাপমাত্রা এক বা দুই ডিগ্রি
বৃদ্ধি পায়, তাহলে অনেক বড় শহরগুলিও জলের নিচে তলিয়ে যাবে, যার মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূল, তাইওয়ান,
মালয়েশিয়া, সিঙ্গাপুর এবং আরও অনেক।

আমাদের সমস্যাগুলির উৎস চিনতে হবে, যা ব্যর্থতা এবং নেতিবাচক অনুরণন তৈরি করে, যা ঠিক করা খুব কঠিন
এবং যা শেষ পর্যন্ত যা আমাদের আত্ম-ধ্বংসের দিকে নিয়ে যাবে।

একবার আমরা সমস্যার কারণ এবং প্রভাব দেখতে পেল, আমরা আর চারপাশে বসে কথা বলবো না, পরিবর্তে আমাদের
পৃথিবীকে একটি ভাল ভবিষ্যতের সাথে আরও ভাল জায়গা করে তুলতে পদক্ষেপ নিতে হবে।

1061

আমাদের সর্বোত্তম প্রচেষ্টার মাধ্যমে বিশ্বে শক্তি পুনরুদ্ধার করা

আমরা যখন আমাদের বিশ্বে কী অনুপস্থিত তা দেখি, যেমন কয়েক দশক এবং শতাব্দী আগে থেকে, আমরা দেখি
যে প্রচুর শক্তি হারিয়ে গেছে যা শক্তির একটি গুরুতর ব্যবধান তৈরি করেছে।



সমস্যাগুলি দ্রুত সমাধান করার চেষ্টা করার জন্য, নিজেদের চ্যালেঞ্জড মনে হয়, কারণ শক্তির গুরুতর ব্যবধান, ঘাটতি সৃষ্টি করে, তাই নেতিবাচক শক্তি জমা হতে থাকে যা ধ্বংসের গতিতে স্বরাস্তিত করে। পরিস্থিতি বিপরীত করতে, আমাদের শক্তি ফিরিয়ে আনার ব্যবস্থা শুরু করতে হবে।

গুরুতরভাবে ভারসাম্যহীন শক্তির জন্য সর্বোত্তম সমাধান কী? বিশ্লেষণ এবং পরীক্ষা করার পরে দেখা যায় যে, "আশীর্বাদ" সবচেয়ে কার্যকর প্রতিকার। কারণ, যখন আমরা আশীর্বাদের অনুরণনে থাকি, তখন আমাদের শক্তি অনেক সহজে উন্নীত হতে পারে এবং আমাদের শক্তি পরিবেশকে প্রভাবিত করতে পারে, যা আমাদের শান্তিপূর্ণ বিশ্বের স্বপ্নকে, একটি অর্জনযোগ্য লক্ষ্য করে তোলে।

"বাস্তবায়িত" আশীর্বাদ হল, আশীর্বাদ থেকে ইতিবাচক শক্তি পাওয়ার চাবিকাঠি। বাস্তবায়িত আশীর্বাদ আমাদের মহাবিশ্বের সাথে অনুরণিত হতে, ইতিবাচক শক্তি বৃদ্ধি করতে এবং একটি অদৃশ্য প্রতিরক্ষামূলক ঢাল তৈরি করতে সাহায্য করবে। যখন আমরা আশীর্বাদ থেকে উপকৃত হই এবং একই সাথে অন্যদেরকে আশীর্বাদ প্রেরণ করি, তখন আমাদের কাছে আরও বেশি আশীর্বাদ ফিরে আসে।

আমরা যদি নিজেদেরকে আরও ভালো করার জন্য একটি "আত্ম-সুরক্ষার প্রতিকার" এর এই জ্ঞানটি উপলব্ধি করতে চাই, তাহলে আমাদের অবশ্যই অনেক আশীর্বাদ পাঠাতে হবে এবং আশীর্বাদ শক্তিতে নিজেদেরকে নিমজ্জিত করতে হবে। অতএব, সমস্ত আশীর্বাদ আমাদের কাছে ফিরে আসবে এবং আমরা সবচেয়ে বড় আশীর্বাদ পাব।

এইভাবে, আমাদের বিত্ত সিদ্ধান্ত আসলে আমাদের জন্য আশীর্বাদের সবচেয়ে বড় পুরস্কার নিয়ে আসে। যখন আমরা বুঝতে পারি যে আশীর্বাদ কতটা চমৎকার, তখন আমরা আরও বেশি মানুষকে জোরালোভাবে আমন্ত্রণ জানাব সেই চেষ্টা করার জন্য।

সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেমের লক্ষ্য হল "ভালোবাসায় অনুরণিত হওয়া, কৃতজ্ঞতার সাথে সংযোগ করা এবং



আশীর্বাদে উন্নীত করা।" নিজেদেরকে আশীর্বাদ করার পাশাপাশি, আমরা প্রাচুর্যের সাথে অন্যদের আশীর্বাদ করতে চাই, যাতে প্রত্যেকে সকল মানুষ, ঘটনা এবং বস্তুকে আশীর্বাদ করে, যাতে সম্প্রীতি তৈরি হয়, ভাঙ্গা অংশগুলি পুনরুদ্ধার এবং মেরামত হয় এবং শক্তির গুরুতর শূন্যতা পূরণ হয়।

আমরা যদি পৃথিবীতে শক্তির ভারসাম্য বজায় রাখতে পারি, তবে সেটি হবে সবার জন্য এক আশীর্বাদ।

1071

সহযোগিতামূলক প্রচেষ্টা ও আশীর্বাদের মাধ্যমে ইতিবাচক শক্তি তৈরি করা

পুনরুদ্ধার প্রক্রিয়া চলাকালীন, যদি ইতিবাচক শক্তি বৃদ্ধি না পেয়ে হ্রাস পায়, ফলাফল উদ্বেগজনক হবে। অতএব, শক্তি প্রচুর পরিমাণে আছে কিনা তা নিশ্চিত করতে, আমাদের আরও পাঁচ বছর বা দশ বছর অপেক্ষা না করে, এখনই কাজ করতে হবে।

নিজেদেরকে রক্ষা, সমৃদ্ধ এবং পরিপূর্ণ করতে, আমাদের অবশ্যই নিজেদের দৃষ্টিভঙ্গির প্রতি কঠোর পরিশ্রম করতে হবে এবং সক্রিয়ভাবে সমস্ত মানুষ, ঘটনা এবং বস্তুকে আমাদের প্রকৃত হৃদয় থেকে আশীর্বাদ পাঠাতে হবে। এবং শুধুমাত্র আমাদের প্রকৃত আশীর্বাদের হেতু, ফিরে আসা শক্তি আমাদের জন্য উপকারী হবে।

সর্বত্র আশীর্বাদ সহ আমাদের পৃথিবী একটি ভাল জায়গা হবে এবং আরও বেশি মানুষ আনন্দময় এবং সুখী হবে। পারস্পরিক আশীর্বাদ তখন একটি বিশ্বায়ক এবং স্বর্গীয় ভাবে ভাগ করা ঘটনা হয়ে উঠবে।

এই ধরনের একটি ঘটনা তৈরি করতে, জাতীয়তা, অঞ্চল, বয়স বা লিঙ্গ নির্বিশেষে সকল মানুষকে আশীর্বাদ করতে এবং যথেষ্ট ইতিবাচক শক্তি তৈরি করতে সহযোগিতা করতে হবে। যখন সমগ্র পৃথিবীকে আবরণ করার জন্য পর্যাপ্ত পরিমাণে ইতিবাচক শক্তি তৈরী হবে, তখন আমরা শান্তি ও সম্প্রীতি ফিরে পাবো।



অনেক মানুষ আছেন যারা ইতিমধ্যেই "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। তবুও, এখনও অশান্তির অধীনে অনেক জায়গা রয়েছে, তাই প্রক্রিয়া চলাকালীন কিছু শক্তি, বিদ্যমান নেতিবাচক শক্তি দ্বারা ক্ষয়প্রাপ্ত হবে।

অতএব, নেতিবাচক শক্তিকে অতিক্রম করতে এবং ভারসাম্য বজায় রাখতে আমাদের অবশ্যই পর্যাপ্ত পরিমাণে ইতিবাচক শক্তি তৈরি করতে হবে।

পৃথিবীটা বড়। একজন ব্যক্তি বা একটি দেশের প্রচেষ্টা খুবই দুর্বল, কিন্তু বিশ্বের সব দেশ যদি অংশগ্রহণ করে এবং প্রত্যেকে তাদের সেরাটা দেয়, তাহলে বিশ্ব একটি সুযোগ পাবে।

এর কারণ এবং প্রভাব সম্পর্কে চিন্তা করুন, "আমি তোমার পিঠ আঁচড়াই আর তুমি আমার আঁচড়াও"। আমরা

যদি অধ্যবসায়ের সাথে এটি বাস্তবায়ন করতে পারি তবে আমরা ফলাফল দেখতে পাব।

1081

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটি বাস্তবায়ন করা আমাদের নিজেদের থেকে শুরু হয়

আশীর্বাদের আসল উদ্দেশ্য হল নিজেদের সাহায্য করা, কারণ আশীর্বাদ পাঠানোর বিনিময়ে আমরা আশীর্বাদ ফিরে পাব।

একটি সহযোগিতামূলক প্রচেষ্টার সাথে, প্রত্যেকে প্রতিটি মুহুর্তে আশীর্বাদ করার অনুশীলন করে এবং প্রত্যেকের জন্য সবকিছুতে একটি ভাল ফলাফল কামনা করে। এই মুহুর্তে আমাদের যত যোগ্যতাই থাকুক না কেন, আমাদের অবশ্যই অধ্যবসায়ের সাথে "সৃষ্টি" এবং "আশীর্বাদ" অনুশীলন করতে হবে। ফলস্বরূপ, আমাদের আশীর্বাদ পাঠানোর সাথে আমরা অফুরন্ত পুরস্কার পাব।



প্রত্যেকে যদি "সৃষ্টি" এবং "আশীর্বাদ" এর গুরুত্ব বোঝে, তবে তারা আশীর্বাদের দায়িত্ব নিতে ইচ্ছুক হবে, কারণ এটি আমাদের দ্রুত ইতিবাচক শক্তি তৈরি করতে সহায়তা করবে। একবার শক্তি বৃদ্ধি পেলে, প্রাচুর্য স্বাভাবিকভাবেই বাড়বে, সৌভাগ্য অনুসরণ করবে এবং বিশ্ব শান্তি ঠিক চারপাশে থাকবে।

একবার আমরা সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেমের ইভেন্ট এবং প্রোগ্রামগুলি প্রচার করা শুরু করলে, আমরা দেখতে পাব যে এটি একটি গাড়ির ইঞ্জিন জ্বালানোর মতো, গাড়িটির সম্পূর্ণ শক্তি রয়েছে এবং এটি মাইল এবং মাইল চলতে পারে। সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম আমাদের সকলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই মুহূর্তে এটি মানুষের সাথে ভাগ করে নেওয়া হল, আশীর্বাদের সুবিধাগুলি বুঝতে মানুষকে সাহায্য করার একটি সেরা সুযোগ, যাতে মানুষেরা "শক্তি নির্গত করতে" ইচ্ছুক হয়। আনন্দময় শক্তি নির্গত করাই পৃথিবীর জন্য প্রয়োজনীয়।

পৃথিবী যখন দ্রুতগত আশীর্বাদকে একত্রিত করে, তখন এর শান্তি ও সম্প্রীতি পুনরুদ্ধারের সম্ভাবনা বেশি থাকে। আশীর্বাদকে আগে আমাদের বাস্তবায়ন করতে হবে। যেহেতু আমরা ধন্য, আমরা আশীর্বাদ সম্পর্কে মানুষের সাথে ভাগ করে নিতে চাই। "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি বাস্তবায়ন করার সময়, বিশ্বের মানুষেরা আশীর্বাদ পাবে এবং আশীর্বাদ ধ্বংস থেকে শান্তি ফিরিয়ে আনবে।

1091

মহাবিশ্বকে মেনে চলা এবং প্রকৃত আশীর্বাদ পাঠানো

কেন একটি দেশ অন্য দেশকে আক্রমণ করে? যেহেতু তাদের জমি অনুর্বর এবং কোন খাদ্য জন্মাতে পারে না, তাই মানুষেরা আক্রমণ করে এবং অন্যেরটা লুণ্ঠনের চেষ্টা করে। আমরা কি কখনো ভেবে দেখেছি কেন জমি অনুর্বর এবং মানুষ ফসল তুলতে পারে না? সম্ভবত ইতিবাচক শক্তির অভাব রয়েছে? যখন পর্যাপ্ত পরিমাণ শক্তি থাকবে, তখন জমি ও মাটির পরিবর্তন হবে এবং ফসল বৃদ্ধি পাবে।



মানুষের কাছে প্রায়ই সঠিক উত্তর থাকে না, তবুও বিশ্বাস করে যে তার যুক্তি এবং বিচার সর্বদা সঠিক। তারা এইটা জানেনা যে মহাবিশ্বের সত্য সর্বদা কাজ করে, অনেক কিছুই "অসম্ভব নয়" এবং মূল বিষয় হল তারা মহাবিশ্বের সত্য প্রয়োগ করে অভাবকে প্রাচুর্যে রূপান্তর করতে পারে কিনা।

যখন আমাদের প্রাচুর্য থাকে, তখন আমরা স্বাভাবিকভাবেই জীবনের প্রতি নিশ্চয় বোধ করব না। অন্যদিকে, যখন আমাদের সম্পদের অভাব হয়, তখন অশান্তি ও বিশৃঙ্খলা বা এমনকি যুদ্ধও ঘটতে পারে।

অনুর্বর জমি এবং তেলের মতো প্রাকৃতিক সম্পদের অভাবের কারণে, মানুষ অন্য দেশে আক্রমণ করে। তেলের ক্ষেত্রে, পেট্রোলিয়াম শিল্পের জন্য তেল তুরপুন একটি বড় চুক্তি। যাইহোক, মহাবিশ্ব সহজেই একটি বিভক্ত সেকেন্ডে যে কোনও জায়গায় তেলের জন্য শক্তি প্রেরণ করতে পারে।

বিজ্ঞান এই তত্ত্ব প্রমাণ করার আগে, মানুষেরা এটিকে গল্প বা কল্পকাহিনী বলবে। মাস্টার টেড সান চান যে বিশ্বের সবাই জানুক যে আমরা যা জানি না বা অসম্ভব বলে মনে করি তার মানে এই নয় যে তাদের অস্তিত্ব নেই। সবকিছুই শক্তি এবং শক্তি মহাবিশ্বের একটি আশীর্বাদ। আমাদের জন্য যদি মহাবিশ্বের আশীর্বাদ থাকে, তবেই আমরা ইতিবাচক শক্তি পেতে পারি, অন্যথায় এটি অসম্ভব এবং অযথাই আমরা আমাদের সময় নষ্ট করছি।

এখন আমরা বুঝতে পারছি যে সবকিছু শক্তি থেকে আসে। আমরা যদি দুঃখ ও ক্ষতি ছাড়া একটি শান্তিপূর্ণ বিশ্ব চাই, তবে প্রত্যেকেরই প্রবল শক্তি থাকতে হবে এবং এভাবেই আমরা আমাদের বিশ্বকে শান্তিপূর্ণ করতে পারি।

এর উপর ভিত্তি করে, অভাব পূরণের জন্য আমাদের অবশ্যই "সুপার লাইফ সিক্রেট কোডস" বইটি মানুষের সাথে ভাগ করে নিতে হবে। একটি শক্ত শিক্ষার ভিত্তি তৈরি করতে এবং বিশ্বের সর্বত্র "আশীর্বাদের ক্রিয়া" ভাগ করে নেওয়ার জন্য আমাদের "সুপার লাইফ সিক্রেট কোড স্টেপ ১,২,৩" অনুশীলন করতে হবে।



আশীর্বাদের রহস্য হল আন্তরিক ও প্রকৃত হৃদয়

মহাবিশ্বের সাথে অনুরণিত হতে এবং মহাবিশ্ব থেকে আশীর্বাদ পেতে, আমাদের "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটি বাস্তবায়ন করতে হবে এবং সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম প্রয়োগ করতে হবে। জীবনে একবার প্রাচুর্য ও সমৃদ্ধি পেলে আমরা বিভ্রান্ত হব না।

বিশ্বে এমন দেশ রয়েছে যারা ষড়যন্ত্রমূলক তৎপরতা চালাচ্ছে এবং দুষ্ট রাজনৈতিক নীতি বাস্তবায়ন করেছে। এই পূর্বপরিকল্পিত অভিসন্ধানগুলি কয়েক দশক এবং শতাব্দী ধরে বিশ্বকে প্রভাবিত করেছে। তবুও, যদি পৃথিবীতে শক্তি ভারসাম্যপূর্ণ হয়, প্রাকৃতিক দুর্যোগ ঘটবে না, প্রত্যেকেরই প্রাচুর্য থাকবে, সবকিছু শান্তিপূর্ণ এবং সমন্বয়পূর্ণ হবে এবং প্রত্যেকেরই অন্যের উপর কর্তৃত্ব করার, হেরফের করার এবং সুবিধা নেওয়ার ইচ্ছা থাকবে না।

সেখানে পৌঁছানোর জন্য, আমাদের অবশ্যই বিশ্বাস করতে হবে যে সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম সমস্ত মানুষকে বাঁচাতে পারে, তাই আমাদের "আশীর্বাদ" তৈরি করতে হবে এবং ক্রমাগত সমস্ত মানুষের কাছে যেটি পাঠাতে হবে।

আশীর্বাদের রহস্য এর মূলে রয়েছে। প্রকৃত আশীর্বাদ আনন্দদায়ক, কিন্তু অকার্যকর মানসিকতার কারণে নিরর্থক বা অকৃত্রিম আশীর্বাদ শূন্য শক্তি নির্গত করে। শূন্য শক্তির আশীর্বাদ করার মতো কোন পদার্থ নেই, তাই এটি একটি অপচয়।

একবার যখন আমরা বুঝতে পারবো যে আশীর্বাদের রহস্যটি আসল, আমাদের আত্ম-প্রতিফলন এবং নিজের আশীর্বাদের মূল্যায়ন করতে হবে, যাতে আমরা সামঞ্জস্য আনতে পারি এবং উন্নতি করতে পারি।

মানুষেরা শূন্যতায় হতাশ হতে বা অন্যদের চেয়ে কম পেতে পছন্দ করে না, কারণ মানুষেরা নিজের জন্য চিন্তা করে



এবং "আমি তোমার পিঠে আঁচড়াই আর তুমি আমার আঁচড়াও" এই মানসিকতা তাদের নেই, তাই "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটি বাস্তবায়ন করা কিছু মানুষের ক্ষেত্রে চ্যালেঞ্জিং।

প্রত্যেকের ক্ষেত্রে "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটি বাস্তবায়ন করলে, আমাদের এবং পৃথিবীকে বাঁচাতে যথেষ্ট শক্তি উৎপন্ন করবে। শক্তির নিবেশ প্রচুর পরিমাণে অনুরণন তৈরি করে এবং আমাদের শক্তিকে একত্রিত এবং সংযুক্ত করে। শক্তি এক যোগ এক হিসাবে কাজ করে, একশ, এক হাজার, এমনকি অসীমের চেয়েও বড় হয়।

একবার আমরা "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটি বাস্তবায়ন করলে, এটি মহাবিশ্বের সেরা আশীর্বাদ হতে পারে।

পরিশ্রমী অনুশীলনের দ্বারা আশীর্বাদের দক্ষতা উন্নত করা

কোনো জিনিষের সবচেয়ে চ্যালেঞ্জিং অংশ তার শুরুতে হয়। যদি আমরা এই চ্যালেঞ্জটি কাটিয়ে উঠতে পারি ও একসাথে আশীর্বাদ বাস্তবায়ন করতে পারি, এবং একবার জিনিসগুলি একটি ইতিবাচক দিকে গেলে, আমরা আবিষ্কার করব যে পৃথিবী শান্তির দেশে রূপান্তরিত হয়েছে এবং হঠাৎ সবাই খুশি।

এটাই কি সেই দৃষ্টিভঙ্গি নয় যেটা মানুষ চেয়ে এসেছে? আসুন আমরা আন্তরিকভাবে "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটির একটি পরীক্ষা করতে নিজেদেরকে অনুপ্রাণিত করি। এটি একটি ছোট পৃথিবী। সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম এবং মাস্টার টেড সান এর সাথে আমাদের যে সখ্যতা, তা কাকতালীয় নয়, এটি মহাবিশ্বের একটি আশীর্বাদ হিসেবে বোঝানো হয়েছে, তাই আমাদের অবশ্যই এটি উপলব্ধি করা উচিত।

আরও পরীক্ষা-নিরীক্ষা করার সাথে সাথে আমাদের কাছে পরীক্ষামূলক এবং বৈজ্ঞানিক প্রমাণ থাকবে। মানুষের অনেক



কৃতিত্ব রয়েছে যা শুধুমাত্র আমাদের যোগ্যতা, শিক্ষা বা অভিজ্ঞতা থেকে আসে না, তবে মূল বিষয় হল, আমরা মহাবিশ্বের সাথে অনুরণিত হতে পারি, মহাবিশ্বের কাছ থেকে আশীর্বাদ পেতে পারি এবং মহাবিশ্ব থেকে তথ্য ডাউনলোড করতে পারি, যা নির্ধারণ করবে যে আমরা জীবনে দ্রুত সাফল্য অর্জন করতে পারি কিনা।

সমস্ত মানুষের আশীর্বাদ শক্তি মানুষের দ্বারা চালিত একটি জেনারেটরের সমতুল্য। অনুরণন যতটা শক্তিশালী হবে, আমাদের বিশ্বকে আরও সুখী করার শক্তি ততটাই বেশি হবে।

সকালে ঘুম থেকে ওঠা, চাপ এবং ধকল অনুভব করা বা শ্বাস নিতে অসুবিধা হওয়ার একই প্যাটার্নের পুনরাবৃত্তি আমরা করতে চাই না। যদি আমরা তা করি, সময়ের সাথে সাথে আমরা অসাড় হয়ে পরবো এবং জীবনে আনন্দের বোধ হারিয়ে ফেলবো।

আশীর্বাদ প্রেরণের মাধ্যমে, আমরা আমাদের মন, শরীর এবং আত্মা থেকে চাপ মুক্ত করতে সক্ষম হই এবং আমাদের জীবন ও জগতের সাথে মোকাবিলা করার শক্তি ও সাহস অর্জন করি। যদি সবাই তা করতে পারে, পৃথিবীর সমস্ত মানুষ আশীর্বাদ পাবে এবং পৃথিবীর শক্তি ক্ষেত্রটি রূপান্তরিত হবে।

যদি প্রত্যেকে আশীর্বাদ করার একটি ভাল দক্ষতা গড়ে তোলে এবং ক্রমাগত আশীর্বাদধন্য হয়, মানুষ আবিষ্কার করবে যে প্রাচুর্য এবং আনন্দ আমাদের চারপাশেই রয়েছে।

1121

মানব উদারতা পুনরুদ্ধারে বিশ্বে শান্তি ও সম্প্রীতি আসবে

আশীর্বাদ যখন চারিদিকে ঘুরবে, তখন আমরা পৃথিবীতে আশা দেখব। একবার আমরা সঠিক পথে চললে, আমরা ধীরে ধীরে তার প্রমাণ দেখতে পাব যে আশীর্বাদ কতটা অবিচ্ছিন্ন।



মহাবিশ্বের সাথে সংযোগ করার সময়, মহাবিশ্ব এবং আমাদের মধ্যে সংযোগের স্তর শক্তির মাত্রার উপর নির্ভর করে, এটি একটি আয়নার মতো, যা এটির সামনে যা কিছু, তা প্রতিফলিত করে। তাই আশীর্বাদ পাঠানোর ব্যাপারে আমাদের নিরর্থক হওয়া উচিত নয়।

আশীর্বাদের গুরুত্ব বোঝা এবং জীবনে তা অধ্যবসায়ের সাথে প্রয়োগ করা, যাতে আমরা এবং অন্যান্য মানুষেরা মহাবিশ্বের সাথে অনুরণিত হতে পারি। আমরা অন্যদের আমন্ত্রণ জানাই বা মহাবিশ্ব আমাদের আমন্ত্রণ জানাক না কেন, যতক্ষণ আমরা একসাথে কাজ করতে ইচ্ছুক, আমাদের ভবিষ্যত অবশ্যই উন্নত হবে।

আশীর্বাদ প্রেরণের মাধ্যমে, পৃথিবী আরও সমৃদ্ধ এবং শান্তিপূর্ণ হবে এবং ধীরে ধীরে তার সঠিক পথে ফিরে আসবে, এছাড়াও অনেক সমস্যা সংশোধিত হবে। বিশ্ব শান্তি হঠাৎ করে বাস্তবে পরিণত হয়ে সমস্ত মানুষের জন্য আশীর্বাদ হয়ে উঠবে।

জাতি বা জাতীয়তা নির্বিশেষে, যতক্ষণ প্রত্যেকে প্রতিটি মুহুর্তে আশীর্বাদ প্রেরণের জন্য "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচিটির বাস্তবায়ন করবে, আশীর্বাদের শক্তি যথেষ্ট হয়ে উঠবে এবং সমস্ত ভাল জিনিস স্বাভাবিকভাবেই ঘটবে, অতএব পৃথিবী উন্নতি করতে শুরু করবে এবং শান্তি ও সম্প্রীতি ফিরে আসবে।

1131

"অন্যদের আশীর্বাদ করা ভাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে" একটি বাস্তবতা

সমস্ত পূর্ববর্তী উপমাগুলি হল মানুষকে আশীর্বাদের গুরুত্ব বুঝতে সাহায্য করার জন্য যা শুধুমাত্র নিজেদের উপকারের জন্য নয় বরঞ্চ আমাদের ভবিষ্যতের পরিবেশ, পৃথিবী এবং সমগ্র মহাবিশ্বের শান্তি ও সম্প্রীতির জন্য।

পৃথিবীর ভারসাম্য বজায় রাখা একটি কাজ যা সমস্ত মানুষকে একসাথে সম্পন্ন করতে হবে।



শক্তি শুধুমাত্র পৃথিবীকে প্রভাবিত করে না, এটি মানুষের মন এবং আচরণকেও প্রভাবিত করে। যখন শক্তি ভারসাম্যপূর্ণ হবে, তখন মানুষ আশাবাদ এবং দয়ার দিকে ফিরে আসবে।

আমাদের সমাজে, বেশিরভাগ মানুষ হতাশাবাদী, যেহেতু আমাদের সমাজ নেতিবাচক মন্তব্য দিয়ে ভরা এবং তার সাথে ইতিবাচক আলোর ও শক্তির অভাব, এর অর্থ হল পৃথিবী একটি আশাহীন ভবিষ্যতের দিকে আগুমান।

সুপার লাইফ সিক্রেট কোডস সদস্য হওয়ার কারণে আমাদের অবশ্যই দায়িত্ব নেওয়ার সাহস থাকতে হবে। ভাষা নির্বিশেষে, "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি বাস্তবায়নের জন্য, আমরা সক্রিয়ভাবে ভাগ করে নিতে চাই যে "অন্যদের আশীর্বাদ করা তাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে"।

সুপার লাইফ সিক্রেট কোডস সদস্যদের প্রত্যেকেই একজন বক্তা ব্যক্তি এবং মহাবিশ্বের দ্বারা প্রেরিত একজন সম্প্রচারক, যাকে অবশ্যই সুপার লাইফ সিক্রেট কোড বইয়ের সাথে আশীর্বাদের গুরুত্ব বিশ্বের কাছে ভাগ করে নিতে হবে।

ভাগ করে নেওয়ার ভিত্তি নির্ভর করে আমরা শিক্ষাগুলো মেনে চলছি কিনা। যদি আমরা অনুশীলন এবং প্রয়োগ না করি, পরীক্ষা এবং প্রমাণের অভাবের কারণে লোকেদের সাথে ভাগ করার সময় আমরা হতাশ হব, তাই অন্যদের বোঝানো তখন কঠিন হবে।

আমাদের অবশ্যই অনুশীলনে দক্ষতা অর্জন করতে হবে এবং লোকেদের প্রমাণ এবং ইতিবাচক ফলাফল দেখাতে হবে, যাতে লোকেরা আত্মবিশ্বাসের সাথে সিদ্ধান্ত নিতে পারে এবং দেখতে পারে যে এটিই সঠিক পথ।



"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচী বাস্তবায়ন করাটা জীবনের প্রতি মুহুর্তে ঘটতে হবে। এটি একটি কম্পিউটার, সেলফোন বা কারও সাথে কথা বলা হোক না কেন, মূল বিষয় হল আমাদের হৃদয়কে সুসংগত হতে হবে, অর্থাৎ আশীর্বাদগুলি শব্দ দ্বারা ব্যক্ত করা হলেও তা আমাদের আত্মা থেকে আসবে। কিন্তু, যদি আমাদের হৃদয় সেখানে না থাকে এবং আশীর্বাদ নিরর্থক হয়, তাহলে শক্তি মিথ্যা হবে, যা ভাগ করাকে একটি বাস্তব চ্যালেঞ্জ করে তুলবে এবং কর্মসূচীটি অসম্পূর্ণ হয়ে যাবে।

আশীর্বাদের চাবিকাঠি বোঝার পরে, আমাদের আশীর্বাদ নিয়ে পিছিয়ে থাকা বা কুপণ হওয়া উচিত নয়। প্রকৃতপক্ষে আমরা চাই যে আশেপাশের সমস্ত মানুষ এবং জিনিসগুলি, দুষ্মান এবং অদুষ্মান সহ, আমাদের সাথে অনুপ্রাণিত এবং অনুরণিত বোধ করুক। অনুরণন আমাদের প্রকৃত আশীর্বাদ থেকে উদ্ভূত হয় যা একটি দুর্দান্ত ইতিবাচক কম্পন তৈরি করে, কম্পন যত বেশি হবে, ফলাফল তত ভাল হবে।

যখন লোকেরা অন্ধকারে থাকে এবং আমরা মেঘ দূর করে সূর্যকে দেখি, তখনই আমাদের কাছে সুপার লাইফ সিস্টেম কোড সিস্টেমের প্রচার করার সেরা সুযোগ আসে।

মহাবিশ্বের সাথে আশীর্বাদের একটি প্লাগ হিসাবে সংযোগ, আশীর্বাদ এবং আশীর্বাদ প্রেরণকে, আরও বেশি উল্লেখযোগ্য এবং অর্থবহ করে তোলে। মানুষ, পৃথিবী এবং বিশ্বের জন্য, আশীর্বাদ বৃষ্টির মতো, শুকিয়ে যাওয়া আত্মাকে পুষ্ট করে।

প্রকৃত আশীর্বাদের জন্য উপরিগত চেহারা বা আচার-অনুষ্ঠানের প্রয়োজন হয় না, পরিবর্তে, যদি আমাদের মন, শরীর এবং আত্মা একত্রিত হয় তবে এটি সবচেয়ে প্রকৃত আশীর্বাদকে উদ্দীপিত করতে পারে। উদাহরণস্বরূপ, যখন আমরা একজন অপরিচিত ব্যক্তিকে পাশ দিয়ে হাঁটে যেতে দেখি, সেই ব্যক্তিকে অভিবাদন জানাই এবং আমাদের হৃদয়ে সেই ব্যক্তির মঙ্গল কামনা/আশীর্বাদ করি। এই আশীর্বাদ ব্যক্তিকে ভিতরে ভিতরে খুশি অনুভব করায়, এটি একটি উল্লেখযোগ্য আশীর্বাদের প্রভাব।



যেহেতু আমাদের পাঠানো আশীর্বাদগুলি সারা বিশ্বে বৃত্তাকারে ঘুরে আমাদের কাছে ফিরে আসে, কেবলমাত্র আমরা যাদের আশীর্বাদ করেছি, তারাই শুধু আশীর্বাদধন্য নয়, এমনকি আমরাও আশীর্বাদধন্য হই। প্রত্যেকে যদি জীবনের প্রতিটি মুহুর্তে অন্যদের আশীর্বাদ করতে পারে, তাহলে আমাদের পৃথিবী আশীর্বাদ দ্বারা পরিবেষ্টিত হবে এবং প্রচুর পরিমাণে ইতিবাচক শক্তি সঞ্চয় করবে।

শুধু মানুষ নয়, আমরা বস্তু ও অনুষ্ঠানেও আশীর্বাদ পাঠাতে পারি। উদাহরণস্বরূপ, আপনি যখন প্রাতঃরাশ খান এবং টুকরো টুকরো কাউন্টার টপে পড়ে যায়, তখন আপনি সেগুলি মুছে দেন এবং একই সাথে কাউন্টার টপকে আশীর্বাদ করেন। সম্ভবত, এটি নির্বোধ শোনাচ্ছে, তবে যদি আপনার আশীর্বাদ আপনার হৃদয় থেকে আসে তবে আশীর্বাদটি আপনার কাছে ফিরে আসবে।

সবকিছুর অনুভূতি আছে। আমাদের আশীর্বাদ নষ্ট হবে না। আশীর্বাদ পূর্ণ বৃত্তে আসে, এমনকি নিজীব জিনিসের জন্য আশীর্বাদও আমাদের কাছে ফিরে আসবে। এটি কি একটি মহান জিনিস নয়?

1151

আন্তরিক প্রকৃত আশীর্বাদ হল মহাবিশ্বের সর্বোচ্চ তন্ত্র পথ

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি শুরু করার আগে, আমরা প্রথমে আমাদের জীবনের দিকে তাকাতে চাই। পরবর্তীতে, আমরা এটিকে নতুন জীবনের সাথে তুলনা করে দেখবো যে কোনও অনুরূপ পরিবর্তন এবং জীবনের রূপান্তর হয়েছে কিনা।

কিছু লোক আশ্চর্য হয়ে ভাবে যে অনুশীলনের সিদ্ধি পেতে কতক্ষণ লাগবে? আশীর্বাদের উপর ভিত্তি করে আমরা কিভাবে সফল হতে পারি? অনেক ভ্রান্তী লোক আছে যাদের আশ্বাসহারা লাগছে, অস্বীকার বোধ করছে এবং পূর্ব ধারণায় নিমগ্ন রয়েছে, যার কারণে তারা পরীক্ষা করার সুযোগ হারাচ্ছে।



আমাদের অবশ্যই এই সত্যটির মুখোমুখি হওয়া উচিত যে "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি মহাবিশ্বের "সর্বোচ্চ তত্ত্ব পথ", যা পরীক্ষার মাধ্যমে যাচাই করা হয়েছে এবং নিছক অনুমান নয়। হাজার হাজার তত্ত্ব উপায় আছে। এই তত্ত্ব পথ কতটা অসাধারণ তা পরীক্ষার ফলাফল দ্বারা নির্ধারিত হবে।

কিছু মানুষ পুনরাবৃত্তির হারে অসঙ্গতি এবং অপরিপাক্য শক্তির কারণে প্রত্যাশিত ফলাফল পায়না। আমাদের আশীর্বাদের পুনরাবৃত্তির হার এবং শক্তি নির্দেশ করে যে কেউ কতটা প্রচেষ্টা করেছে এবং কতটা কাজ বাস্তবায়ন করতে চায়।

আশীর্বাদ পাঠানোর সময়, যদি আমরা আমাদের হৃদয় থেকে আন্তরিকতা ছাড়াই মৃদু আশীর্বাদ করি, তবে অন্য ব্যক্তি সেই শক্তি গ্রহণ করতে সক্ষম হবে না এবং আশীর্বাদের যথেষ্ট শক্তি এবং কার্যকারিতা থাকবে না।

যদি আমরা মনোযোগ সহকারে চিন্তা করি এবং বুঝতে পারি যে পৃথিবীর তত্ত্বটি বৃত্তাকার, এবং আমরা যে আশীর্বাদগুলি প্রেরণ করি তা সারা বিশ্বে প্রদক্ষিণ করে অবশেষে মহাবিশ্ব থেকে আশীর্বাদগুলি তুলে নিয়ে আমাদের কাছে ফিরে আসে, আমরা অন্যকে আশীর্বাদ পাঠাতে কার্পণ্য করব না।

আশীর্বাদের পুনরাবৃত্তি প্রতি মুহূর্তে হতে হবে, এবং একইসাথে আশীর্বাদের শক্তি এলোমেলো হওয়া উচিত নয়, তাহলে ধীরে ধীরে আমরা আশীর্বাদ ফিরে পাব।

একবার আমরা আশীর্বাদপ্রাপ্ত হলে, আমাদের দয়া এবং সহানুভূতির সাথে আমরা অন্যদেরও আশীর্বাদ পাওয়াতে চাই, তাই আমরা অন্যদের কাছে আশীর্বাদ পাঠানোতে খুশি হই, এটি একটি ইতিবাচক চক্র তৈরি করে, এবং আশীর্বাদ রোপণ এবং আশীর্বাদ সংগ্রহের একটি প্রক্রিয়া তৈরি করে। যতক্ষণ আমরা ইচ্ছুক, আমরা "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটিকে সম্পূর্ণরূপে প্রসারিত করতে পারি।



116।

পৃথিবীর রূপান্তর প্রকল্পে অংশগ্রহণের সুযোগ আঁকড়ে ধরা

যদি আমাদের আশীর্বাদ আমাদের হৃদয় থেকে আন্তরিক এবং অকৃত্রিম হয়, তবে যে ব্যক্তিকে আমরা আশীর্বাদ করি, তার জন্য সেটি অবিকল সৌভাগ্য নিয়ে আসবে।

আশীর্বাদের শক্তি, কর্ম ও প্রতিক্রিয়ার শক্তির সাথে মিলে যায়। প্রতিক্রিয়াশীল শক্তি যা আমাদের কাছে ফিরে আসবে, তাতে সমান পরিমাণ আশীর্বাদ থাকবে। আমরা আশীর্বাদের ক্ষেত্রে কতটা ভালো কাজ করছি তা আমাদের জীবনের ফলাফলে প্রতিফলিত হয়।

যদিও আমাদের বিশ্ব বড় সঙ্কট এবং প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হচ্ছে, আমাদের অবশ্যই সুপার লাইফ সিস্টেম কোড সিস্টেমকে আলিঙ্গন করতে হবে এবং ‘আর্থ ট্রান্সফরমেশন’ প্রকল্পে অংশগ্রহণের সুযোগ নিতে হবে।

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়নের মাধ্যমে, আমরা জীবনে অনেক পরিবর্তন লক্ষ্য করব, উপরন্তু, মহাবিশ্বের সাথে সঙ্গতির মাধ্যমে, আমাদের শক্তি বৃদ্ধি পাবে, অতএব আমাদের জীবনের উদ্বেগ এবং সমস্যাগুলি স্বাভাবিকভাবেই অদৃশ্য হয়ে যাবে, এবং প্রাচুর্যের সাথে প্রতিস্থাপিত হবে।

যখন সবাই উদারভাবে সব সময় এবং সর্বত্র আশীর্বাদ পাঠাবে, তখন বিশ্ব শান্তি বাস্তবে পরিণত হবে। আমরা একটি প্রজন্মগত পরিবর্তন সক্রিয় করবো যা পরবর্তী অনেক প্রজন্মকে প্রভাবিত করবে, এবং প্রাচুর্য এখন থেকে অনন্ত পর্যন্ত অব্যাহত থাকবে।

117।

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করা হল মহাবিশ্বের অনুগ্রহ



"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করা মহাবিশ্বের অনুগ্রহ। বিশ্বে আশীর্বাদ পাঠানো আমাদের দায়িত্ব, যাতে আমরা কোনো দুর্যোগ আসার আগেই থামাতে পারি।

যখন পৃথিবীর সব মানুষেরই যথেষ্ট আছে, আমরা সবাই ভবিষ্যতের প্রতি আশাবাদী এবং আমাদের হাতে সুখ আছে, তখন আমরা কেন যুদ্ধে যাব? দেশগুলির মধ্যে বিশ্ব শান্তির সাথে, মানুষ এবং গোষ্ঠী দ্বন্দ্বগুলিকে শান্তিতে রূপান্তর করতে পারে, এবং এইভাবে একটি ধ্বংসাত্মক ভাগ্যকে দূর করতে পারে।

বিশ্ব শান্তি প্রবল শক্তির সৃষ্টি করে যাতে মানুষের মান উন্নত হয় এবং পৃথিবী হয়ে ওঠে সমন্বয়পূর্ণ ও আনন্দময়। যেহেতু মানুষ ক্রমাগত আশীর্বাদ পাঠায় এবং ইতিবাচক শক্তি উৎপন্ন হয়, বিশ্ব শান্তি সম্ভবত রাতারাতি ঘটতে পারে।

নিজেকে আশীর্বাদ করা থেকে শুরু করে, অন্যদের সাহায্য করার জন্য পর্যাপ্ত শক্তি এবং আত্মবিশ্বাসের জন্য প্রথমে আমাদের আশীর্বাদধন্য হতে হবে। অন্যদের আশীর্বাদ পাঠালে একটি ইতিবাচক চক্র তৈরি হয় এবং বিশ্বের ইতিবাচক শক্তি ধীরে ধীরে বৃদ্ধি পায়, তাই আরও বেশি মানুষ আশীর্বাদধন্য এবং আশাবাদী হয়।

এটি একটি ঐতিহাসিক এবং অর্থবহ পরিণাম, যার ফলাফল আমরা দেখেছি এবং সেগুলি থেকে উপকৃত হয়েছি, তাই আমাদের অবশ্যই সক্রিয়ভাবে বিশ্বের সাথে ভাগ করে নিতে হবে মাস্টার টেড সানের সর্বোচ্চ তত্ত্বাবধানে যথা "অন্যকে আশীর্বাদ করা তাৎক্ষণিক আশীর্বাদ নিয়ে আসে।"

1181

আশীর্বাদের ভালো সময়গুলোকে পুনরুজ্জীবিত করা আমাদের দায়িত্ব

প্রকৃতপক্ষে "আশীর্বাদ" দীর্ঘকাল ধরে আমাদের আশেপাশে রয়েছে, তবে প্রকৃতপক্ষে এটি অনুশীলন করার লোকের সংখ্যা কম, কারণ লোকেরা জানে না কার্যকর আশীর্বাদের চাবিকাঠি হল আমাদের "হৃদয়"। আশীর্বাদের সাথে মিলিত আমাদের



হৃদয়ের শক্তি সত্যিকারের সৌন্দর্য এবং উদারতা তৈরি করে যা সারা বিশ্বে ঘুরে বেড়ায় এবং মূল্যবান পুরস্কার হিসাবে আমাদের কাছে ফিরে আসে। আশীর্বাদ যদি আমাদের হৃদয় থেকে না আসে তবে তা বিশুদ্ধ ও কার্যকরী হবে না।

সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেমে, আমরা ইতিবাচক শক্তি প্রেরণের মাধ্যমে আশীর্বাদের শক্তিকে প্রসারিত করি যা

পৃথিবীতে শক্তি ক্ষেত্রের ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। একবার যখন আশীর্বাদ শক্তি ফিরে আসে, তখন সেটি আমাদের কাছে প্রচুর পরিমাণে শক্তি ফিরিয়ে আনে।

যখন আমরা কিছু বুঝতে পারি না, তখন আমরা অনুমান করি। এখন মাস্টার টেড সান আমাদের পরিস্কারভাবে ব্যাখ্যা করেছেন যে কীভাবে মহাবিশ্বের আশীর্বাদ কাজ করে। আমরা তাহলে কিসের জন্য অপেক্ষা করছি?

আমাদের এই সুযোগটি কাজে লাগাতে হবে এবং নিজেদের জন্য সর্বশ্রেষ্ঠ ইতিবাচক শক্তি তৈরি করতে আমাদের প্রকৃত আশীর্বাদ পাঠাতে হবে। যখন আশীর্বাদ ফিরে আসবে, তখন আমরা বিস্ময়কর এবং মূল্যবান পুরস্কার দ্বারা বিস্মিত হব।

1191
পূর্বধারণা ছেড়ে "মহাবিশ্বের মিশনে" উদ্যোগ নেওয়া

বিশ্বে বিশৃঙ্খলার উৎস নৈতিকতার অভাব থেকে আসে যা মহাবিশ্বের আইনের মধ্যে বিশৃঙ্খলা এবং বিভ্রান্তি সৃষ্টি করে। পৃথিবীর সবকিছুই শক্তি থেকে আসে। নৈতিকতার অভাব মানে শক্তি হারানো, অর্থাৎ ইতিবাচক এবং নেতিবাচক শক্তির

ভারসাম্যহীন হওয়া। সুপার লাইফ সিক্রেট কোডস সদস্য হওয়ার কারণে, আমাদের বিশ্বকে বিশৃঙ্খলা থেকে পুনরুদ্ধার করার জন্য আমাদের অবশ্যই "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করতে হবে, এটিই আমাদের লক্ষ্য!

আমাদের দায়িত্ব পৃথিবীতে ভারসাম্য ফিরিয়ে আনতে, শক্তি বাড়ানোর জন্য, "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন



করা।

সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেমের ধারণার ভিত্তি হলো "কারণ বিশ্লেষণ করার জন্য প্রভাবকে দেখা"। আমরা

একটি সম্পূর্ণ এবং প্রভূত "প্রভাব" তৈরি করতে চাই এবং তারপর যেকোনো অস্থিরতার জন্য "কারণ" খুঁজে বের করতে চাই। সেখান থেকে, আমরা শুরু থেকেই ঘাটতি পূরণের জন্য "কারণ" সংশোধন করি।

বিশ্বে আমাদের মধ্যে অনেকেই অহং দ্বারা অবরুদ্ধ এবং আমাদের মতামত এবং দৃষ্টিভঙ্গিতে আমরা আটকে থাকি, তাই আমাদের ক্ষতি এবং অপচয় হয়। সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম আমাদের ক্ষতি থেকে পুনর্বুদ্ধার করতে এবং আমাদের জীবনকে সমৃদ্ধ করতে সাহায্য করে, তাই অহংকে দূরে সরিয়ে দেয়।

সুপার লাইফ সিক্রেট কোড সিস্টেম শেখা এবং আমাদের পুরানো অভ্যাস সংশোধন করা, চিরতরের জন্য প্রাচুর্য আনতে পারে।

আমাদের কি নৈতিক শিক্ষা দিয়ে শুরু করা উচিত নাকি আমাদের জীবনকে সমৃদ্ধ করা উচিত? মাস্টার টেড সান-এর উত্তর হলো আমাদের জীবনকে প্রথমে সমৃদ্ধ করলে আমরা দ্রুত উন্নতি করতে পারবো।

কারণ হল আমাদের জীবন একবার সমৃদ্ধ হলে, আমাদের মধ্যে নৈতিকতা শেখার শক্তি থাকবে। অন্যথায়, আমরা যখন হতাশার মধ্যে থাকবো তখন আমরা সহজেই প্রেরণা হারাবো। প্রায়শই, কোনো রকমে বেঁচে থাকা ধরনের মানুষেরা সহজেই নৈতিকতার বিরুদ্ধে যেতে পারে এবং অন্যদেরকে নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

পৃথিবীর সব সমস্যাই অপরিণত শক্তির কারণে। মানুষের মধ্যে অনুপ্রেরণার অভাব রয়েছে এবং ভালবাসা এবং কৃতজ্ঞতা বাস্তবায়ন করতে তারা অনিচ্ছুক। যদিও শিক্ষা একটি আবশ্যিক ব্যাপার, মানুষ নিজেদেরকে আধিক্যপূর্ণ অনুভব করতে পারলে তবেই কিছু শিখতে এবং বাস্তবায়ন করতে ইচ্ছুক হবে।



ভালোবাসা এবং কৃতজ্ঞতা যেমন বাড়তে থাকবে, তেমনি ছোট থেকে বড় পর্যন্ত সর্বত্র ভালোবাসার এবং কৃতজ্ঞতার শক্তি থাকবে। একটি সম্প্রদায় হিসাবে বিশ্বকে, জাতি এবং জাতীয়তা নির্বিশেষে, ভালবাসা এবং কৃতজ্ঞতার আশীর্বাদে নিজেকে নিমজ্জিত করতে হবে, যাতে সমগ্র মানবজাতির অসাধারণ জীবন হয়।

1201

সকল মানুষের আশীর্বাদ জমাট বরফ গলিয়ে দিতে পারে

আমাদের হৃদয় থেকে প্রেরিত আশীর্বাদ দ্বারা বিশ্বের বিশৃঙ্খলা পরিবর্তন করতে হবে, যাতে বিশ্ব শান্তি বাস্তবে পরিণত হতে পারে এবং বিপর্যয়গুলি গলে যেতে পারে, এবং মানুষ বিশ্বের সৌন্দর্য উপভোগ করতে পারে।

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচীটি বাস্তবায়ন করা খুবই সহজ, তবে মানুষ মিথ্যা প্রত্যাশা করতে পারে না। আমাদের এটিকে একটি আদর্শ এবং অভ্যাসে পরিণত করতে হবে, যাতে আমরা প্রতিটি মুহূর্তে আশীর্বাদ করি এবং প্রতি মুহূর্তে আশীর্বাদ গ্রহণ করি, এবং এটি একটি স্বাভাবিক প্রবৃত্তি হয়ে ওঠে।

একজন ব্যক্তির চোখের চাহনি এবং কথা অনুভূতি দ্বারা, আমরা সেটি প্রকৃত আশীর্বাদ কিনা বলতে পারি। প্রকৃত আশীর্বাদ সত্যিকার অর্থে মানুষকে স্পর্শ করতে পারে এবং আনন্দ দিতে পারে। আসুন আশীর্বাদ বিনিময় করি এবং বিশ্বব্যাপী আশীর্বাদ ছড়িয়ে দেই।

যখন বিশ্বের মানুষের মধ্যে আশীর্বাদের পারস্পরিক বোঝাপড়া থাকবে, তখন আমরা বিশ্ব শান্তি পাব। ভাল শক্তি একটি বিস্ময়কর পৃথিবী তৈরি করে। বিপরীতে, নেতিবাচক শক্তি পৃথিবীতে বিধ্বংস ও ধ্বংস ডেকে আনে। আমরা কেউই ধ্বংস দেখতে চাই না, তাই আমাদের অবশ্যই "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচির মিশনটি গ্রহণ করতে হবে।



যতদিন সবাই "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব নেবে, ততদিন জলবায়ু পরিবর্তনের মতো বিশ্ব সমস্যা দূর হয়ে যাবে এবং আমাদের পৃথিবী আধিক্যপূর্ণ হবে।


এই মুহুর্তে, আমাদের অবশ্যই আশীর্বাদ পাঠানোর সর্বোত্তম প্রচেষ্টার সাথে এগিয়ে যেতে হবে এবং অন্য মানুষদের একইরকম করতে অনুপ্রাণিত করার জন্য নিজেকে অবস্থান করতে হবে। সবাই যখন উন্নত ও উপকৃত হবে, তখনই ইতিবাচক চক্র সক্রিয় হতে পারে।

বিশ্ব শান্তি এবং প্রাচুর্য হল "আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি বাস্তবায়নের জন্য আমাদের প্রেরণা। এখন যদি সবাই এটি অনুশীলন করে, তবে আমাদের পৃথিবী খুব দ্রুত বদলে যাবে। আমাদের সত্যতা শক্তির উপর নির্ভরশীল এবং সক্রিয় ইতিবাচক শক্তি বিশ্বকে পৃথিবীতে স্বর্গ হতে সাহায্য করবে। সবাই যদি ইতিবাচক শক্তি তৈরির জন্য আশীর্বাদ পাঠাতে ইচ্ছুক হন, তাহলে তা জয়ের হবে।

মহাবিশ্বকে মেনে চলতে, আমাদের অবশ্যই আশীর্বাদ পাঠানোর অনুশীলন করতে হবে। আমরা আশীর্বাদ অনুশীলন করার সাথে সাথে আমাদের হৃদয় নরম হবে এবং আমরা মহাবিশ্বের সাথে সংযোগ স্থাপন এবং অনুরণন করতে সক্ষম হবে।

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি বাস্তবায়ন করা মহাবিশ্বের কাছ থেকে একটি গোপন আশীর্বাদ এবং মহাবিশ্বের ভালবাসা থেকে আসে এবং এটি মহাবিশ্বের জন্য একটি পথ যা আমাদের জন্য প্রাচুর্য এবং সুখ প্রদান করে। আমাদেরকে এখন থেকে বিশ্বকে আশীর্বাদ করার দায়িত্ব নিতে হবে।

"আশীর্বাদের ক্রিয়া" কর্মসূচি মন থেকে, আন্তরিকভাবে, জীবনের প্রতিটি মুহুর্তে সবার মঙ্গল কামনা করার মাধ্যমে, আমাদের জন্য প্রাচুর্য এবং সমৃদ্ধি বয়ে আনবে।



যদি তুমি আগ্রহী হও,
এই বইয়ের কথা
তোমার আত্মার কাছে
তোমার মন খুলে দেবে



লেখক সম্পর্কে

মাস্টার টেড সান শক্তি ব্যবস্থাপনায় একজন বিশ্ব-নেতৃস্থানীয় বিশেষজ্ঞ, একজন বিখ্যাত বক্তা, একজন শীর্ষ-বিক্রয়কারী লেখক, একজন মানবিক এবং একজন নোবেল শান্তি পুরস্কারের মনোনীত ব্যক্তি। তিনি “রিচেস্ট লাইফ” এর প্রতিষ্ঠাতা, যা একটি ব্যক্তিগত এবং পেশাদার বুদ্ধি এবং সুস্থতা কেন্দ্র, মানুষকে স্ব-নিরাময় এবং জীবন আয়ত্ত শেখায়। মাস্টার টেড সান বিশ্বব্যাপী হাই-টেক এক্সিকিউটিভ, সিইও, সরকারি কর্মকর্তা, ডাক্তার এবং হাজার হাজার লোককে প্রশিক্ষণ দিয়েছেন।

২০১০ সালে, তিনি তার প্রথম বই লিখেছিলেন, “সুপার লাইফ সিক্রেট কোডস”, একটি জীবন সারগ্রন্থ, যা একটি ব্যাপক অসাধারণ জীবন তৈরি করার জন্য শক্তি পরিচালনার গোপন কোডগুলি প্রকাশ করে। এই বইটি বিশ্বব্যাপী সংবেদনশীল হয়ে উঠেছে এবং সারা বিশ্বে মানুষের জীবন বদলে দিয়েছে।

তারপর থেকে, মাস্টার সান ৫০ টিরও বেশি বই লিখেছেন এবং কয়েক হাজার বক্তৃতা এবং পরামর্শ দিয়েছেন। তার বই “সে নো টু ডিপ্রেসন” মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে একটি যুগান্তকারী বই, এবং মানুষকে দীর্ঘস্থায়ী হতাশা, উদ্বেগ, অনিদ্রা এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যাগুলি কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য, পশ্চিম এবং চীনা ডাক্তারদের দ্বারা স্বীকৃত এবং সমর্থিত।

মাস্টার সান-এর এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম মানুষকে ইতিবাচক শক্তির স্ব-জেনারেটর হওয়ার জন্য তাদের সহজাত প্রাকৃতিক ক্ষমতাকে একত্রিত করতে শেখায় যাতে তারা রিচার্জ করতে পারে এবং তাদের জীবনকে নিয়ন্ত্রণে নিতে পারে।



সুপার লাইফ সিক্রেট কোডস সম্পর্কে

বিশ্বে যেখানে আর্থিক ব্যবস্থাপনা কেন্দ্রের প্রধান হিসেবে অবস্থান করে, সত্য সাফল্য এবং সুখের প্রায়ই উপেক্ষিত চাবিকাঠি

একটি ভিন্ন অর্থমুদ্রার মধ্যে থাকে —আপনার শক্তি।

এই রূপান্তরমূলক বইয়ের মধ্যে যুগান্তকারী অন্তর্দৃষ্টিগুলি আবিষ্কার করুন যা আপনাকে শক্তি ব্যবস্থাপনার লুকানো রহস্যগুলিকে কাজে লাগাতে সক্ষম করবে।

এই আলোকিত যাত্রা আপনাকে শক্তিশালী পাঠ এবং প্রমাণিত কৌশলগুলির একটি সিরিজের মাধ্যমে গাইড করবে,

আনন্দ এবং কৃতিত্বে ভরা একটি জীবনের জন্য ঈশ্বরিত কোডগুলি উন্মোচন করবে। অতীতের ছায়া দ্বারা ভারমুক্ত একটি জীবন কল্পনা করুন, বর্তমানের জন্য স্বচ্ছতা দিয়ে সজ্জিত এবং ভবিষ্যতের জন্য অটুট আত্মবিশ্বাসে আবদ্ধ।

মাস্টার টেড সান, আন্তর্জাতিক বেস্টসেলার "সুপার লাইফ সিক্রেট কোডস" এর প্রশংসিত লেখক, যিনি বিশ্বব্যাপী অগণিত ব্যক্তিকে রূপান্তরিত করতে সহায়তা করেছেন। এই বিশ্বব্যাপী আন্দোলনে যোগ দিন এবং জীবনের পরিস্থিতিগুলিকে আপনার

পক্ষে নির্দেশ করতে না দিয়ে, আপনার ভাগ্যের দায়িত্ব নেওয়ার সম্ভাবনাকে উদ্ঘাটন করুন, এবং একটি অসামান্য জীবনের যাত্রা শুরু করুন।



The SECRET to
Blessing

‘রিচেস্ট লাইফ’ সম্পর্কে

২০১১ সালে মাস্টার টেড সান দ্বারা প্রতিষ্ঠিত, ‘রিচেস্ট লাইফ’ একটি বিশ্বব্যাপী ব্যক্তিগত এবং পেশাদার বৃদ্ধি, উন্নয়ন এবং প্রশিক্ষণ কেন্দ্র, যা মানুষকে শেখায় কিভাবে তাদের জীবনের নিয়ন্ত্রণ আনতে হয় এবং অন্তহীন প্রাচুর্য এবং সাফল্য

অর্জন করতে হয়।

রিচেস্ট লাইফের এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম ব্যক্তিদের ‘রিসেট’, ‘রিপ্রোগ্রাম’ এবং তাদের জীবনকে ‘সুপারচার্জ’ করতে সাহায্য করে, এবং এইভাবে সুস্থাস্থ্য, সুখম সম্পর্ক এবং প্রচুর সম্পদের জন্য একটি ইতিবাচক চুম্বক হয়ে ওঠে।

আমরা জীবনের সকল স্তরের মানুষদের জন্য কর্মসূচি এবং সাধন প্রদান করি এবং সারা বিশ্ব জুড়ে কয়েক হাজার মানুষকে একটি অর্থবহ এবং উদ্দেশ্যপূর্ণ জীবন অর্জনে আমরা সহায়তা করেছি।

আমেরিকা:

www.RichestLifeUSA.com

www.SuperLifeSecretCodes.com

এশিয়া:

www.RichestLife.com



আশীর্বাদের রহস্য

মাস্টার টেড সান

গ্রীনল্যান্ড সাকসেস কো লিমিটেড, তাইওয়ান শাখা দ্বারা প্রকাশিত

www.RichestLifeUSA.com

www.RichestLife.com

এই বইটির কপিরাইট অধিকারী এবং উপরোক্ত প্রকাশক উভয়ের পূর্ব লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোন অংশ পুনর্বুৎপাদন, পুনরুদ্ভার ব্যবস্থায় সংরক্ষণ করা বা প্রেরিত করা যাবে না, যে কোন আকারে, বা যে কোন উপায়ে, ইলেকট্রনিক, যান্ত্রিক, রেকর্ড করা, ফটোকপি বা অন্যথায়, ব্যতীত একজন পর্যালোচক, যিনি একটি পর্যালোচনায় একটি সংক্ষিপ্ত প্যাসেজ উদ্ধৃত করতে পারেন।

প্রকাশকের অনুমতি ছাড়া ইন্টারনেটে বা অন্য কোনো মাধ্যমে এই বইটির স্ক্যানিং, আপলোড এবং বিতরণ বেআইনি এবং আইন দ্বারা শাস্তিযোগ্য। অনুগ্রহ করে শুধুমাত্র অনুমোদিত ইলেকট্রনিক সংস্করণ কিনুন এবং কপিরাইটযুক্ত সামগ্রীর ইলেকট্রনিক পাইরেসিতে অংশগ্রহণ করবেন না বা উৎসাহ দেবেন না। লেখকের অধিকারের প্রতি আপনার সমর্থন প্রশংসনীয়।

আইএসবিএন: 978-626-7308-86-8

প্রথম সংস্করণ, সেপ্টেম্বর 2024

বিনামূল্যে বিতরণ। এককভাবে বিক্রির জন্য নহে

কপিরাইট © 2024 গ্রীনল্যান্ড সাকসেস কো লিমিটেড, তাইওয়ান শাখা

সমস্ত অধিকার সংরক্ষিত

助的祕密：孟加拉文版

作 者 / 太陽盛德

策 劃 / 天圓文化機構

編 輯 / 天圓全球志工文字美編團隊

出版發行 / 香港商天圓文化諮詢顧問有限公司台灣分公司

地 址 / 100 臺北市重慶南路一段10號11樓1106室

電 話 / (02) 5599-5439

電 郵 / PR@SuperLifeCode.com

法律顧問 / 德承法律事務所

檔案格式 / PDF檔

檔案內容 / 2.17MB

出 版 / 2024 年 09 月

版 次 / 初版

I S B N / 978-626-7308-86-8

定 價 / 贈閱

版權歸作者所有 歡迎踴躍分享

অনুরণিত ভালোবাসায়
সংযোজিত কৃতজ্ঞতায়
উন্নীত আশীর্বাদে



www.SuperLifeSecretCodes.com
www.RichestLifeusa.com